দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র উদ্যগে সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল সাড়ে ৫টার সময় দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ মাঠ প্রাঙ্গণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মো: আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, ইসমাইল হোসেন, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আব্দুল কাদির, ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, নূরুল ইসলাম, সুমন আলী, লিয়াকত আলী, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ সদর ইউনিয়নের সকল ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক প্রমূখ।

দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশীদ।

চুয়াডাঙ্গায় গলায় ফাঁস দিয়ে গৃহবধূর আত্নহত্যা

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের আড়িয়া গ্রামে স্বামীর উপর অভিমান কেও ছাবিনা (৩৫) গলায় ফাঁস দিয়ে আত্নহত্যা করেছে।

জানাযায় আজ শনিবার দুপুর ১ টার দিকে দর্শনা থানার ৬৩ নং আড়িয়া গ্রামে নিজ বাড়িতে আড়ার সাথে পারিবারিক কলহের জেরে গলাই ফাঁস দেয়

গৃহবধূ সাবিনা। পরবর্তীতে পরিবারের লোকজন দেখতে পেয়ে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ইমারজেন্সিতে নিলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষার নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করে।

এ ঘটনায় দর্শনা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা বলেন, এ বিষয়ে দর্শনা থানায় ভুক্তভোগী পরিবারের কেউ অভিযোগ করেনী বলে জানায়। তবে লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে আছে।

জীবননগরের সেনেরহুদায় বিদ্যুৎস্পৃষ্ট যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্রাট হোসেন (২৪) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। আজ শনিবার দুপুর ৩টার দিকে দিকে উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সম্রাট হোসেন একই গ্রামের জিরো পয়েন্ট এলাকার লিয়াকতের ছেলে।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, অন্যান্য দিনের ন্যায় আজ শনিবার দুপুরে গোয়ালে ঢুকে নিজের দুটি গরুকে গোসল করান সম্রাট। রোজা রাখা অবস্থায় অত্যন্ত গরমের কারণে এ সময় তিনি মোটরের পানি দিয়ে নিজেকেও ভিজিয়ে নেন। পরে সেখান থেকে বের হওয়ার সময় গোয়ালের ভেতর ঝুলতে থাকা একটি তারে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন।

বাড়ির লোকজন তাকে উদ্ধার করে দ্রুত জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে সঙ্গীয় অফিসার ফোর্স নিহতের বাড়িতে উপস্থিত হন জীবননগর থানার ওসি (তদন্ত) একরামুল হোসাইন। বিস্তারিত তথ্য যাচাই-বাছাই শেষে লাশ দাফনের অনুমতি প্রদান করে পুলিশ। সেনেরহুদা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাজা শেষে গতকাল শনিবার রাতেই নিহতের লাশ ওই গ্রামের জান্নাতুল খাদরা কবরস্থানে দাফন করা হবে।

ব্লাড ক্যান্সারে আক্রান্ত আরাবির পাশে চুয়াডাঙ্গা জেলা প্রসাশক ড. কিসিঞ্জার চাকমা

ফুট ফুটে মেয়ে আরাবিকে বাচাঁতে সমাজের বৃত্তবান, বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিগত ভাবে এগিয়ে আসার আহব্বান জানালেন চুয়াডাঙ্গা জেলা প্রসাশক ড. কিসিঞ্জান চাকমা।

আজ শনিবার বেলা ১১ টার দিকে জেলা প্রশাসনের পক্ষ থেকে ছুটে আসেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জান চাকমা ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা দর্শনা মোবারকপাড়া আরাবির বাসভবনে। এ সময় তিনি জেলা প্রশাসনের পক্ষ থেকে কিছু গিফট প্রদান করেন।এবং আর্থিক সহযোগীতা করেন।

দর্শনা মোবারক পাড়ার মনির হোসেনের মেয়ে আরাবি (১০) গত ৩ বছর ধরে ইমিউন ডিসরেগুলেশন হাইপারইনফ্লামেশন সিনড্রোম নামের জটিল ব্লাড ক্যানসারে আক্রান্ত তাকে দেখতে এসে এমনি আহবান জানান জেলা প্রসাশক। এ রোগটি বিরল লাখে ১ জনের এ রোগটি হয় কি সন্দেহ। জেলা প্রসাশক ড. কিসিঞ্জান চাকমা ও দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতা এসময় আরাবির জন্য পোষাক নিয়ে আসেন এবং তার চিকিৎসার সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন সাংবাদিকদের কাছে। তিনি আরো বলেন দেশের ১৭ কোটি মানুষ যদি এগিয়ে তাহলে আবাবির এ ব্যয় বহুল (৬০ লাখ) টাকা দিয়ে চিকিৎসা করা অসম্ভব নয়। তিনি আশ্বাস দেন দামুড়হুদা উপজেলা প্রসাশন ও জেলা প্রসাশন থেকে আমাদের সাধ্যমত সহযোগিতা করবো। এরা পাশপাশি সমাজের বৃত্তবান ব্যাক্তি ও প্রতিষ্ঠানকে এগিয়ে আসার জন্য আহবান জানান তিনি।

আগামী বৃহস্পতিবার আরাবিকে ভারতের বেঙ্গালুররে নারায়ানা হেল্থ সিটির শিশু হেমাটোলজিষ্ট ও অস্থিমজ্জা প্রতিস্থাপন বিশেষজ্ঞ হাসপাতালের ডাঃ সুনীল ভাট এর নিকট তার চিকিৎসার জন্য নেওয়া হচ্ছে বলে আরাবির পিতা মনির হোসেন জানান। যেখানে আরাবির চিকিৎসার খরচ পড়বে ৬০ লাখ টাকা। তবে তার পক্ষে এ ব্যয় ভার বহন করা সম্ভব নয়।

প্রশাসন ও মানুষের ভরসা ও কিছু সহযোগিতা পেয়ে আরাবিকে বেঙ্গালুেও নেওয়া হচ্ছে। গত ৩ বছর ধরে ভারত ও বাংলাদেশে আরাবির বাবা মা আবারিকে নিয়ে বিভিন্ন হাসপাতালে নিয়ে চিকিৎসা করে আসলেও কি রোগ হয়েছে এ সম্র্পকে জানতে পারিনি। ভারতের ঠাকুরপুর হাসপাতালে ১৩ দিন ভর্তি থাকার পর গত ২রা ফের্রুয়ারী-২০২৪ তারিখ সেখানে ডিএনএ টেস্ট করা পর ধরা পড়ে ইমিউন ডিসরেগুলেশন হাইপারইনফ্লামেশন সিনড্রোম নামের জটিল ব্লাড ক্যানসার রোগটি ধরা পাড়ে।

গত ২০২২ সালের জুলাই আরাবি অসুস্থ্য হলে আরাবির বাবা-মা তাকে নিয়ে বিভিন্ন হাসপাতালে পাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়। কোন চিকিৎসক রোগটি ধরতে পারে না। আবশেষে ভারতের ঠাকুরপুর একটি হাসপাতালে নেওয়ার পর তার ডিএনএ পরীক্ষা করে তার এ জটিল ক্যান্সার ধরা পড়ে। তারপর বেঙ্গালুরে নেওযার পরামর্শ দেন ঠাকুরপুর হাসপাতালের ডাক্তার। এরপর তাকে বেঙ্গলুরের নেওয়া হলে সেখানকার ডাক্তার সুনীল ভাট তাকে চিকিৎসক জানিয়েছে যত দ্রুত আরাবির বোন ম্যারো ট্রন্সপ্লাটেশন (অস্থিমজ্জা প্রতিস্থাপন) করার পরামর্শ দেন। এত বেশি পরিমান অর্থ না থাকায় আরবিকে দেশে নিয়ে আসে।

প্রসাশন ও এলাকার মানুষের সহযোগিতায় আবার তাকে বেঙ্গালুরে নেওয়া হচ্ছে। তার চিকিৎসার ব্যয়ভার নিবার্হ করার জন্য মাননীয় প্রধান মন্ত্রির কাছে সহযোগিতার দাবী করেন এলাকাবাসী ও তার পরিবার। আরাবি দর্শনা লিটিল এনজেল স্কুলে ২য় শ্রেণীর মেধাবী ছাত্রী। সে ভাল ছবি আঁকতে পারে এবং বাই-স্ইাকেল চালাতে পারে। বর্তমানে সে সারক্ষণ কেঁ◌েদ বলে মা আমাকে বাচাঁও, আমি বাঁচতে চাই, আমি আবার ছবি আকবো, সাইকেল চালাবো। উল্লেখ্য ১৯৮৯ সালে আরাবির ছোট চাচা মেধাবী ছাত্র জাহিদুল ইসলাম বন ক্যন্সারে মারা গেছে।

আলমডাঙ্গায় এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার

মাহফিল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যায় উপজেলার জামজামি ইউনিয়নের ভোদুয়া নতুন ঈদগা ময়দানে ১৪ তম দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

ইফতার মাহফিলে সার্বিক সহযোগীতা করেন ভোদুয়া গ্রামের সর্বস্তরের যুব সমাজ।

ইফতার মাহফিল অনুষ্ঠানে ভোদুয়া গ্রামের সর্বস্তরের প্রায় তিন হাজার রোজাদার অংশগ্রহণ করেন। এর আগে প্রবাসী এমএ মান্নান রতন জমিদার ও তার পরিবারের প্রতি দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জানাগেছে, প্রতিবছরের ন্যায় এবারও আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে প্রায় তিন হাজারের উর্ধে রোজাদারগণের ইফতারি বিতরণ করা হয়েছে। গশনিবার বিকেল সাড়ে ৪ টার পর থেকে ভোদুয়া গ্রামের সাধারণ রোজাদার একে একে নতুন ঈদগাহ মাঠে আসতে থাকেন। এমএ মান্নান রতন জমিদারের অনুপস্থিতিতে সার্বিক দায়িত্বপালন করেন ভোদুয়া গ্রামের কয়েকশো যুবক। মাহে এই রমজানে এমন আয়োজনে গ্রামের সাধারণ মানুষ অনেক খুশি হয়েছে। ভোদুয়া গ্রামের যুব সমাজ ও আমেরিকা প্রবাসী এম এ মান্নান রতন জমিদার প্রতিবছর রমজান মাসে এ আয়োজন করে থাকেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জামজামি বাজার জামে মসজিদের খতিব মোঃ সাইফুল ইসলাম, ছত্রপাড়া জামে মসজিদের খতিব হাফেজ মোঃ আব্দুল মান্নান ও হাফেজ সাব্বির রহমান।

দামুড়হুদায় ২ লিটার মদসহ বিষ্ণুপুরের সোহাগ আটক

দামুড়হুদা মডেলা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২

লিটার বাংলামদসহ একজনকে আটক করেছেন।আটকৃত সোহাগ (৪২) বিষ্ণুপুর গ্রামের মৃত মধু মিয়ার ছেলে।

গতকাল শুক্রবার রাত ১০ টার দিকে বিষ্ণুপুর গ্রামস্থ ধৃত আসামী মোঃ সোহাগ এর বাড়ীর সামনে পাঁকা রাস্তার উপর থেকে তাকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোঃ মাসুদ রানা সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে বিষ্ণুপুর গ্রামের মৃত মধু মিয়ার ছেলে সোহাগকে তার বাড়ির সামনে থেকে আটক করেন। পরে তার কাছে থাকা ব্যাগ তল্লাশি করে ২ লিটার বাংলা মদ উদ্ধার করা হয়। আটককৃত সোহাগের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে একটা মামলা দায়ের করা হয়েছে।

আজ শনিবার তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হবে।

চুয়াডাঙ্গা সদরের হায়দারপুর যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের যুবসমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সন্ধা ছয়টার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের জামে মসজিদে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে পদ্মাবিলা ৫নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য মোঃ শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার।

ইফতার ও দোয়া মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী,

হাফিজুর রহমান হাপু, আবুবক্কর সিদ্দিক আরিফ, লাভু, চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল।

এ সময় আরও উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, হায়দার পুর জামে মসজিদ কমিটির সভাপতি সরুপ মন্ডল, সহ-সভাপতি মইনুল হোসেন, যুবলীগ নেতা রুবেল, আমান, ফাহাদ, নয়ন, তাসফির, খোকন, আসিফ, সাকিন, জামান, ইসরাফিল সহ হায়দার পুর যুব সমাজের সদস্যবৃন্দ।

আলমডাঙ্গা থানাপাড়া যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা থানাপাড়া যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে।
গতকাল আলমডাঙ্গা থানাপাড়ার মরহুম আফাজ উদ্দিন মিয়ার বাসভবনে ইফতার পুর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন থানাপাড়া যুবসমাজের প্রতিনিধি মাসুদ রানা তুহিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া। তিনি বলেন পবিত্র রমজান মাস সিয়াম সাধনের মাস,এই মাসে আপনারা যারা থানা পাড়ায় বসবাস করেন সকলে সততার সাথে নিষ্টার সাথে একে অপরের সাথে মিলে মিসে থাকবেন।পাড়ার সকল যুব সমাজকে ভাল কাজে পরিচালনা করবেন, আল্লাহ পাক সততা এবং হালাল রুজিসহ সকলকে সত্যপথ দেখাতে সহায়তা করবে, এই মাসে আল্লাহ তালা কবর বাসিদের আজাব মাফ করে দেন, তাই রহমতের এই মাসে আমরা যারা উপস্থিত আছি তারা কোন ভাবেই কাউকে ঠকাব না, আমাদের দ্বারা কেউ প্রতারিত হবে না।

ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, হারদী কলেজের সহকারি অধ্যাপক ইদ্রিস আলী খান, আশরাফুল ইসলাম, ডা আজিজুল হক সোমা, ডাঃ কাজল,সরকারি স্কুলের সহকারি প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, বনিক সমিতির সাধারন সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন,

সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার, আসাদুল হক, মীর ঠান্ডু মিয়া, মীর লাল্টু মিয়া, মীর উজ্জল, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাইদ হিরন, উজ্জল হোসেন, গনি মাষ্টার, ইউনুছ আলী খান, ফজলুল হক, শহিদুল ইসলাম, রহমান মাষ্টার, সাংবাদিক আতিক বিশ্বাস, ইলিয়াছ খানমতিয়ার রহমান প্রমুখ। দোয়া পরিচালনা করেন হাফেজ ওমর ফারুক ও থানা মসজিদের ইমাম মওঃ মিল্টন। মোট ৪ শত মানুষের ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

সার্বিক সহযোগীতায় ছিলেন, সুলতান আরেফিন, সন্টু মিয়া, ডাঃ আলো, সানজার মল্লিক, এ্যাডঃ তপু, টিলু হাসান, বিপুল মিয়া, লিপু মিয়া, আলো, প্রকৌশলী শিতল, ড্যানি, ডিউক, প্রিন্স, মিঠু, সাজু, হুমায়ন, সাকিল, টুটুল, মিজু, সোহাগ, সানজার, রিমন, লিটু প্রমুখ।

জীবননগরে সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার ৩ সাংবাদিক, গ্রেফতার ১

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুরে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় প্রধান আসামি ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুর রশিদকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ শুক্রবার তাঁকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। বিষয়টি নিশ্চিত করেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান।

তিনি বলেন, সাংবাদিকের ওপর হামলায় ঘটনায় মো. মিঠুন থানায় লিখিত অভিযোগ করেছিল। পরে সেটি মামলা হিসেবে রেকর্ড করা হয়েছে। অভিযান চালিয়ে মামলার এক নম্বর আসামি আব্দুর রশিদকে গ্রেফতার করা হয়েছে। তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মাই টিভি ও সময়ের সমীকরণের প্রতিনিধি মো. মিঠুন বলেন, গতকাল বৃহস্পতিবার একটি গোপন সূত্রে জানতে পারি, মনোহরপুর ইউনিয়ন

পরিষদের ১ নম্বর ওয়ার্ডের সদস্য ও মৃত ফকির চাঁদের ছেলে আব্দুর রশিদ দীর্ঘদিন যাবত গোপনে কৌশল অবলম্বন করে অন্য মানুষের ভুয়া নাম ব্যবহার করে টিসিবির কার্ড তৈরি করে টিসিবির পণ্য আত্মসাৎ করছেন। তিনি সম্প্রতি বেশ কয়েকজনের টিসিবির পণ্য তুলে বাড়ি নিয়ে গেছেন। এমন সংবাদ পেয়ে আমি, সাংবাদিক এআর ডাবলু ও তুহিন তথ্যের সত্যতা যাচাই করতে গিয়েছিলাম।

জিজ্ঞাসার একপর্যায়ে আব্দুর রশিদের স্ত্রী বলেন, তার স্বামী টিসিবির পণ্য রান্না ঘরে এনে রেখেছন। আমরা সেখানে টিসিবির দুই বস্তা চাল আর কিছু টিসিবির তেল দেখতে পাই। আমাদের উপস্থিতি টের পেয়ে ইউপি সদস্য আব্দুর ক্ষিপ্ত হয়ে গালাগালি করতে থাকেন। একপর্যায়ে আব্দুর রশিদ (৪২) তার ভাই তরিকুল ইসলাম তরির (৪৬) নেতৃত্বে আব্দুর রশিদের ছেলে আমির হামজা অঙ্কন (২৫), মৃত মাহাতাব উদ্দিনের ছেলে মো. হাসিবুর রহমান সুমনসহ (৩০) আরও ৪/৫ জন আমাদের ওপর হামলা করেন। এসময় আমাদের কাছ থেকে ক্যামেরা ভাঙচুর করে। পরে আমি জীবননগর থানায় একটি মামলা দায়ের করলে পুলিশ অভিযান চালিয়ে ১নং আসামিকে আটক করেছে তবে এ ঘটনার আমি সুষ্ঠ বিচার চাই। এদিকে শুক্রবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ আব্দুর রশিদ মেম্বারের বাড়িতে সরেজমিনে তদন্ত করেন।

জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু ও জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু জীবননগরে সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত ইউপি সদস্য আঃ রশি কে আটক করায় জীবননগর সাংবাদিকদের পক্ষ থেকে জীবননগর থানা পুলিশকে সাধুবাদ জানান।

দামুড়হুদায় ট্র্যাক্টর ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে আহত যুবকের মৃত্যু

দামুড়হুদায় ট্র্যাক্টর ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল চালক গোলাম রাব্বি (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। সে উপজেলার হাউলি ইউনিয়নের লোকনাথপুর গ্রামের জাকির হোসেনের

ছেলে।

গতকাল বৃহস্পতিবার রাত ১২টার দিকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

নিহতের পরিবার ও স্থানীয়রা জানান, গতকাল বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে গোলাম রাব্বি প্রতিদিনের ন্যায় পুরাতন কাঁথা কিনার জন্য বিভিন্ন গ্রামে যাবার সময় বুধবার ভোরে বাড়ি থেকে বাহির হয়ে উপজেলার দামুড়হুদা দর্শনা মহাসড়কের জয়রামপুর চৌধুরী পাড়ার দোয়ার কাছে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ভাটার ট্রাক্টরের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে গোলাম রাব্বি সঙ্গে সঙ্গে পিচ রাস্তার ওপর ছিটকে পড়ে মাথায় প্রচন্ড আঘাত পায় এবং রক্তক্ষরণ হতে থাকে ।

স্থানীয় লোকজন ও ফায়ার সার্ভিসের কর্মীরা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নেওয়ার পর তাকে উন্নত চিকিৎসা জন্য রাজশাহী মেডিকেল হাসপাতালে রেফার্ড করেন। সেখানে মৃত্যুর সঙ্গে পাঞ্জালড়ে গত বৃহস্পতিবার রাত ১২ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমঙ্গীর কবির ঘটনার সত্যতা নিশ্চিত করেছন। তিনি বলেন এখনো পর্যন্ত কোনো অভিযোগ হয়নি।অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।